দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 27 APR 2009 ..
পৃষ্ঠা ... ১৩ ... কলাম ... ৫ ......

ইউনেস্কোর সেমিনারে শিক্ষামন্ত্রী

# কারিগরি শিক্ষায় গুরুত্ব দিয়ে শিক্ষা কারিকুলাম সাজানো হবে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, বর্তমানে গতানুগতিক অনেক শিক্ষিত ব্যক্তি জীবনে কাজে আসে না। তাই ভবিষ্যতে কারিগরি শিক্ষার ওপর গুরুত্ব দিয়ে শিক্ষা কারিকুলাম সাজানো হবে। ২০১১ সালের মধ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে প্রাথমিক শিক্ষা ও বয়স্ক শিক্ষার ওপর জোর দেয়া হবে। যেসব এলাকায় শতভাগ শিশু স্কুলে যায় না, প্রয়োজনে সেসব এলাকায় শতভাগ বৃত্তি প্রদান করা হবে। স্কুলগুলোতে শিক্ষক সংখ্যাও বাড়ানো হবে। তিনি বলেন, এতদিন শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ থাকলেও গত বাজেটে তত্ত্বাবধায়ক সরকার সুদ ও ঋণ পরিশোধের ওপর গুরুত্ব দিয়ে বাজেটে সর্বোচ্চ বরাদ্দ দেয়। আর শিক্ষা ও প্রযুক্তি খাত মিলে বাজেটে দ্বিতীয় গুরুত্ব দেয়া হয়। তবে এবার বাজেটে শিক্ষা খাতে সর্বোচ্চ বরাদ্দ রাখার চিন্তা-ভাবনা করছে সরকার। গতকাল রবিবার ধানমন্ডিস্থ জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী নায়েম মিলনায়তনে "সবার জন্য শিক্ষা" শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী একথা বলেন।

ইউনেস্কো ঢাকা অফিসের সহযোগিতায় বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের উদ্যোগে সেমিনারে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক আনিসুজ্জামান, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব উজ্জ্বল বিকাশ দত্ত, বাংলাদেশে ইউনেস্কোর প্রতিনিধি মিঃ সালামা মিলেসিয়া, বাংলা একাডেমীর মহাপরিচালক ড. সৈয়দ মোহাম্মদ শাহেদ, বিশিষ্ট কথা সাহিত্যিক সেলিনা হোসেন ও বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব আবদুল খালেক।

সেমিনারে অধ্যাপক আনিসুজ্জামান বলেন, উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প চালু থাকায় ২০০৩ সালে বাংলাদেশে শিক্ষার হার ছিল ৬৫ শতাংশ। এরপর প্রকল্পটি বন্ধ থাকায় শিক্ষার হার নেমে দাঁড়িয়েছে ৬৩ শতাংশে। তিনি বলেন, দীর্ঘমেয়াদী প্রকল্প ও প্রয়োজনীয় অর্থ বরাদ্দের অভাবে সবার জন্য শিক্ষা নিশ্চিত করা যাচ্ছে না। তিনি বলেন, প্রাথমিক ও বয়স্ক শিক্ষার ক্ষেত্রে জোর দিতে পারলে সবার জন্য শিক্ষা নিশ্চিত করা যাবে।